**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
খুলনা।
www.dss.khulnadiv.gov.bd

**বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর ডিসেম্বর ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:**

সভাপতি : **অনিন্দিতা রায়**
পরিচালক (উপসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা

তারিখ ও সময় : ০৪ ডিসেম্বর ২০২৫, সকাল ১০:৩০ মিনিট

সভার স্থান : বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর সভা কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করা হয় এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | গত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | গত ০৫ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সকলের অবগতির জন্য পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকলে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | গত ০৫ নভেম্বর ২০২৫ তরিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপপরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা |
| ০২ | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | (১) জেলার আওতাধীন লাইভে থাকা ইউনিট অফিস সমূহের ডি-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয় এবং লাইভে থাকা সকল কার্যালয়ের সমন্বিত প্রতিবেদন সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর জেলার আওতাধীন লাইভে থাকা ইউনিট অফিস সমূহের সিস্টেম হতে জেনারেটকৃত নভেম্বর/২৫ মাসের প্রতিবেদন না পাওয়ায় সভার পক্ষ হতে অসন্তুষ্টি ব্যক্ত করা হয়। | (১) জেলা ও এর আওতাধীন লাইভে থাকা ইউনিট অফিস সমূহকে ডি-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং সমন্বিত প্রতিবেদন প্রতি মাসের শেষ কর্মদিবসের মধ্যে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনায় প্রেরণ করতে হবে<br>(২) লাইভে থাকা সকল ইউনিট অফিস সমূহের সিস্টেম হতে জেনারেটকৃত প্রতিবেদন প্রেরণ করতে হবে এবং ডি-নথির মাধ্যমে যাতে সকল ইউনিট অফিস দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করে সে বিষয়ে সার্বক্ষণিক তদারকি করতে হবে। | উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট সকল জেলা ও ইউনিট অফিস |
| ০৩ | পরিকল্পনা ও উন্নয়ন | পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত নিম্নরূপ আলোচনা হয়ঃ<br>**যশোরঃ** ট্রানজিট শেল্টার হোম, শার্শা, যশোর এ চলমান প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন হতে জানা যায়, ২য় তলার ছাদ ঢালাইয়ের কাজ শেষ হয়েছে এবং ৩য় তলার ছাদের জন্য সেন্টারিং এর কাজ শেষ পর্যায়ে।<br>**কুষ্টিয়াঃ** সরকারী শিশু পরিবার (বালিকা), কুষ্টিয়ার চলমান প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন হতে জানা যায়, | সকল চলমান প্রকল্পের কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে এবং কাজের অগ্রগতির রিপোর্ট প্রত্যেক সমন্বয় সভার পূর্বে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপপরিচালক (যশোর, বাগেরহাট ও কুষ্টিয়া) জেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গত ০১ মাস যাবত নির্মান কার্যক্রম বন্ধ রয়েছে। বাস্তব কাজের অগ্রগতি অনেক কম।<br><br>**বাগেরহাটঃ** সরকারী শিশু পরিবার (বালক), ফকিরহাট, বাগেরহাট এর চলমান প্রকল্পের অগ্রগতি সম্পর্কে জানা যায়, ০৫ তলা বিশিষ্ট ডরমেটরি ভবনের ০১ তলার ছাদ ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। ০৪ তলা বিশিষ্ট প্রশিক্ষণ ভবন ও ০৫ তালা বিশিষ্ট কোয়ার্টার ভবনের পাইলিং এর কাজ শেষ হয়েছে। | | |
| ০৪ | সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন | সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীর নিবন্ধিত মোবাইল ফোনের এমএফএস একাউন্টে সরকারের নগদ আর্থিক সহায়তা প্রেরণের কার্যক্রমের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া স্বচ্ছতার সাথে কিভাবে সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট সকল ভাতা কার্যক্রমের নির্ভুল পে-রোল প্রদান করা যায় সে বিষয়ে আলোচনা করা হয়।<br>**সভাপতিঃ** সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীরা যাতে এ সংক্রান্ত সকল কার্যক্রমের তথ্য যথাসময়ে পান এবং সে মোতাবেক সকল কার্যক্রম সম্পন্ন করতে পারেন তার গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন। | (১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীরা যাতে নিবন্ধিত মোবাইল ফোনের এমএফএস একাউন্টে সরকারের নগদ আর্থিক সহায়তা প্রেরণের কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে পারে সে বিষয়ে জোরালো প্রচার, প্রচারণা চালিয়ে যেতে হবে।<br><br>(২) সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট সকল ভাতা কার্যক্রমের নির্ভুল পে-রোল প্রদানের ক্ষেত্রে লাইভ ভেরিফিকেশন কার্যক্রমে সর্বদা সতর্ক থাকতে হবে। | উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট সকল জেলা ও ইউনিট অফিস |
| ০৫ | এসডিজি কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত | এসডিজি কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা এবং সূচক উল্লেখ করে গোল ভিত্তিক প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। খুলনা, সাতক্ষীরা, মাগুরা, মেহেরপুর ও চুয়াডাঙ্গা বাদে অবশিষ্ট ০৫ জেলার এসডিজি কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন না পাওয়ার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**যশোরঃ** ডিসেম্বর মাসে জেলার সভা হবে বলে সকলকে অবহিত করেন। | (১) সূচক উল্লেখ করে গোল ভিত্তিক প্রতিবেদন ও সভার কার্যবিবরণী (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত খুলনা বিভাগীয় কমিটির ডিসেম্বর/২৫ সভার পূর্বে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপপরিচালক সকল জেলা |
| ০৬ | হাসপাতাল সমাজসেবা কার্যক্রম | **সভাপতিঃ** বাগেরহাট জেলার মোংলা, মোড়েলগঞ্জ ও রামপাল উপজেলায় নভেম্বর/২৫ মাসে উপজেলা রোগীকল্যাণ সমিতির প্রতিবেদন মোতাবেক কোন অগ্রগতি না পাওয়ায় সভার পক্ষ হতে অসন্তুষ্টি ব্যক্ত করা হয়। এছাড়া প্রতি মাসের সমন্বয় সভার পূর্বে জেলা ও উপজেলা রোগীকল্যাণ সমিতির রিপোর্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১)উপজেলা রোগী কল্যাণ সমিতির কার্যক্রম সুষ্ঠুরুপে সম্পাদন হচ্ছে কিনা সে বিষয়ে সতর্ক থাকতে হবে এবং উপজেলা রোগীকল্যাণ সমিতির মাসিক অগ্রগতি প্রতিবেদনে তার প্রতিফলন থাকতে হবে।<br><br>(২) প্রতি মাসের সমন্বয় সভার পূর্বে জেলা ও উপজেলা রোগীকল্যাণ সমিতির রিপোর্ট বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপপরিচালক (সকল) ও সংশ্লিষ্ট সকল জেলা, ইউনিট ও হাসপাতাল সমাজসেবা অফিসার |
| ০৭ | সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম | (১) সভাপতি জেলা হতে প্রাপ্ত আরএসএস, আরএমসি কার্যক্রমের নভেম্বর/২৫ মাসের মাসিক অগ্রগতির | (১) সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতাধীন সকল খাতের দলীয় সঞ্চয়ের পরিমাণ বৃদ্ধিতে | উপপরিচালক (সকল) ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | বাস্তবায়ন সম্পর্কিত | প্রতিবেদনে উপস্থাপিত খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, নড়াইল, ঝিনাইদহ, মাগুরা, মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার চলতি মাসের দলীয় সঞ্চয়ের পরিমাণ নিয়ে হতাশা ব্যক্ত করেন এবং সংশ্লিষ্ট সকলকে দলীয় সঞ্চয়ের পরিমাণ বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোকপাত করেন।<br><br>(২) মাসিক অগ্রগতি প্রতিবেদনের ৬ নং কলামে নীতিমালা অনুযায়ী ব্যাংক সুদের অর্থ বিনিয়োগের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(৩) চলতি অর্থবছরে নতুন বরাদ্দকৃত অর্থ ও পূর্বের অবিতরণকৃত অর্থ বিতরণের বিষয়ে নিম্নোক্ত আলোচনা করা হয়।<br><br>**আর.এস.এস কার্যক্রমঃ** খুলনা জেলার বটিয়াঘাটা, ফুলতলা ও রুপসা; যশোর জেলার শার্শা; নড়াইল জেলার সদর ও লোহাগড়া এবং ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলায় অবিতরণকৃত অর্থ বিতরণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**আর.এম.সি কার্যক্রমঃ** খুলনা জেলার বটিয়াঘাটা, ফুলতলা, রুপসা, ডুমুরিয়া ও তেরখাদা এবং ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর ও শৈলকুপা উপজেলায় অবিতরণকৃত অর্থ বিতরণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমঃ** সার্ভিস চার্জের ২০% বাবদ প্রাপ্ত তহবিল সহ সকল অবিতরণকৃত অর্থ বিতরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>(৪) পরিদর্শন সংখ্যা বৃদ্ধি ও গঠনমূলক পরিদর্শন প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(৫) উপজেলা পল্লী মাতৃকেন্দ্র পরিচালনা কমিটির মেয়াদ ও নবায়নযোগ্য কমিটি গঠন সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তা মাসিক প্রতিবেদনে উপস্থাপন করতে হবে।<br><br>(২) যে সকল ইউনিটে অদ্যাবধি ব্যাংক সুদের অর্থ নীতিমালা অনুযায়ী বিনিয়োগ করা হয় নাই সে সকল ইউনিটে দ্রুততার সঙ্গে ব্যাংক সুদের অর্থ বিনিয়োগ করে তা প্রতিবেদনে উল্লেখ করে মাসিক সমন্বয় সভার পূর্বে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(৩) দ্রুত সময়ের মধ্যে সকল অবিনিয়োগকৃত অর্থ বিতরণ নিশ্চিত করতে হবে এবং তা প্রতিবেদনে উল্লেখ করে আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(৪) আবশ্যিকভাবে সকল উপপরিচালক ও সহকারী পরিচালক ০৩টি করে বাস্তব, প্রকৃত তথ্য ও মতামত সংবলিত পরিদর্শন প্রতিবেদন নিয়মিত বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।<br><br>(৫) পল্লী মাতৃকেন্দ্র পরিচালনা কমিটির মেয়াদ ও নবায়নযোগ্য কমিটি গঠনের হালনাগাদ তথ্য আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল জেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা সমূহ ও ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত বেসরকারি এতিমখানা সংক্রান্ত | সভাপতিঃ স্বেচ্ছাসেবী সংস্থা ও ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত বেসরকারি এতিমখানার কার্যনির্বহী কমিটি অনুমোদনে বিভিন্ন অসংগতি নিয়ে আলোচনা করেন এবং নিষ্ক্রিয় স্বেচ্ছাসেবী সংস্থা সমূহের তালিকা প্রস্তুতের বিষয়ে আলোচনা করেন। স্বেচ্ছাসেবী সংস্থাসহ বেসরকারি এতিমখানার মাসিক প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা বরাবর প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | (১) প্রতিমাসে জেলা রেজিস্ট্রেশন অফিসার ০৩টি করে স্বেচ্ছাসেবী সংস্থা পরিদর্শন করে তার প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।<br><br>(২) স্বেচ্ছাসেবী সংস্থাসহ বেসরকারি এতিমখানার মাসিক প্রতিবেদন আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (সকল)<br>ও<br>সমাজসেবা অফিসার (রেজি) সংশ্লিষ্ট সকল জেলা |
| ০৯ | ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রম | চলতি অর্থবছরে প্রাপ্ত ১ম কিস্তির বরাদ্দ ও ২০২৪-২৫ অর্থ বছরে অব্যয়িত অর্থের বিষয়ে আলোচনা করা হয়। খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর ও ঝিনাইদহ জেলায় এখনো ২০২৪-২৫ অর্থ বছরের ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রমের অর্থ অব্যয়িত রয়ে যাওয়ায় সভার পক্ষ হতে অসন্তুষ্টি ব্যক্ত করা হয়। | (১) খুলনা জেলার রুপসা উপজেলার ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রমের অব্যয়িত অর্থ তুলনামূলক অধিক চাহিদাসম্পন্ন উপজেলা বা ইউসিডি অফিসে স্থানান্তর করতে হবে এবং বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ জেলা ২০২৪-২৫ অর্থ বছরের ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রমের অব্যয়িত বরাদ্দ এবং সকল জেলা চলতি অর্থবছরে প্রাপ্ত ১ম কিস্তির বরাদ্দ দ্রুত টেকসই ও আয়বর্ধক কর্মসংস্থানে বিনিয়োগ নিশ্চিত করে আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(২) ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কার্যক্রম এর আওতায় এ পর্যন্ত পুনর্বাসিত সকল ভিক্ষুকের নাম, ঠিকানা সহ পূর্ণাঙ্গ তথ্য সংবলিত তালিকা আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (সকল)<br>ও<br>সংশ্লিষ্ট সকল জেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | প্রতিষ্ঠান অধিশাখার কার্যক্রম সম্পর্কিত | (১) প্রতিষ্ঠানের সর্বশেষ ব্যবস্থাপনা কমিটির কার্যবিবরণী যথাক্রমে খুলনা-০৬টি; বাগেরহাট-০৪টি; সাতক্ষীরা- ০২ টি; যশোর-০৪ টি; নড়াইল-০২ টি; চুয়াডাঙ্গা-০২টি; ঝিনাইদহ-০১টি;কুষ্টিয়া-০৫টি; মাগুরা-০২ টি; মেহেরপুর-০২টি পাওয়া গেছে। সভায় এ সম্পর্কিত বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>(২) অতিরিক্ত পরিচালকঃ জরাজীর্ণ ও অপরিস্কার অবস্থায় পড়ে থাকা শারীরিক প্রতিবন্ধীদের গ্রামীন পূনর্বাসন কেন্দ্র (আর আর সি) ফকিরহাট, বাগেরহাট সহ সকল প্রতিষ্ঠানের পরিস্কার পরিচ্ছন্নতার গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন।<br><br>(৩) প্রধান শিক্ষক, পিএইচটি সেন্টার, খুলনা জানান যে, ৯১ জন নিবাসী বর্তমানে প্রতিষ্ঠানে ভর্তি আছে।<br><br>(৪) প্রতিমাসে উপপরিচালকগণ এবং সহকারি পরিচালকগণ কমপক্ষে ০১ (এক) টি প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(৫) তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), শিশু উন্নয়ন কেন্দ্র, পুলেরহাট, যশোর জানান যে, ৩১০ জন নিবাসী বর্তমানে প্রতিষ্ঠানে ভর্তি আছে। শিশু উন্নয়ন কেন্দ্র, পুলেরহাট, যশোর এর জরাজীর্ণ শৌচাগার মেরামতের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। আগামী ৩১ ডিসেম্বর প্রতিষ্ঠানের নিবাসীদের নিয়ে ০১টি ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করা হয়েছে। এছাড়া নিবাসীদের প্লাম্বিং ও ফুড প্রসেসিং প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(৬) উপ প্রকল্প পরিচালক, সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র, খুলনা জানান যে, ১২০ জন বালিকা ও ৫৭ জন বালক নিবাসী বর্তমানে প্রতিষ্ঠানে ভর্তি আছে। নিবাসীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(৭) উপ প্রকল্প পরিচালক, সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র, কুষ্টিয়া জানান যে, ৯৭ জন বালিকা ও ৭৯ জন বালক নিবাসী বর্তমানে প্রতিষ্ঠানে ভর্তি আছে। অনুমোদিত আসন সংখ্যার সমান নিবাসী ভর্তির কার্যক্রম চলমান রয়েছে।<br>(৮) নিবাসীদের আসন্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরিক্ষার প্রস্তুতি ও যে সকল নিবাসী পড়াশুনায় দূর্বল | (১) (ক) সরকারি বাক ও শ্রবণ আবাসিক প্রতিবন্ধী বিদ্যালয়, ঝিনাইদহ, (খ) শিশু পরিবার সংলগ্ন প্রাক বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র, মূলঘর, ফকিরহাট, বাগেরহাট, (গ) সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম, বাগেরহাট, ঝিনাইদহ ও মেহেরপুর ব্যবস্থাপনা কমিটির সর্বশেষ কার্যবিবরণী মাসিক সমন্বয় সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(২) শারীরিক প্রতিবন্ধীদের গ্রামীন পূনর্বাসন কেন্দ্র (আর আর সি) ফকিরহাট, বাগেরহাট সহ সকল প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে বিশেষ নজর দিতে হবে।<br><br>(৩) অনুমোদিত আসন সংখ্যার সমান নিবাসী ভর্তির পদক্ষেপ গ্রহণ এবং শিশুদের শারীরিক ও মানসিক বিকাশ ও সুস্থতার প্রতি বিশেষ নজর দিতে হবে।<br><br>(৪) আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে উপপরিচালকগণ এবং সহকারি পরিচালকগণ কমপক্ষে ০১ (এক) টি প্রতিষ্ঠানে পরিদর্শন করে প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।<br><br>(৫) নিবাসীদের জন্য কাউন্সেলিং গ্রুপ আরো ছোট করতে হবে এবং তারা যেতে সঠিক ভাবে প্রশিক্ষণ পায় সে বিষয়ে বিশেষ নজর রাখতে হবে। নিয়মিত ~~নিয়মিত~~ খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চা অব্যাহত রাখতে হবে।<br><br>(৬) নিবাসীদের প্রশিক্ষণ কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণের মাধ্যমে তাদেরকে আরো দক্ষ জনসম্পদ হিসেবে গড়ে তুলতে হবে।<br>(৭) নিবাসীদের শারীরিক ও মানসিক বিকাশ ও সুস্থতার প্রতি বিশেষ নজর দিতে হবে।<br><br>(৮) যে সকল শিশু পড়াশুনায় দূর্বল তাদের পড়াশুনার মান ভালো করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বাগেরহাট, | ১) উপপরিচালক (সকল)<br><br>২) সহকারি পরিচালক (সকল)<br><br>৩) প্রতিষ্ঠান প্রধান (সকল)<br><br>৪) প্রবেশন কর্মকর্তা সংশ্লিষ্ট সকল জেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাদের পড়াশুনার মান ভালো করার বিষয়ে আলোচনা করা হয়। | সাতক্ষীরা, যশোর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা জেলা নিবাসীদের আসন্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরিক্ষার প্রস্তুতির জন্য কি কি ব্যবস্থা নেয়া হয়েছে তা পত্রের মাধ্যমে আগামী মাসিক সমন্বয় সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং যে সকল শিশু পড়াশুনায় দূর্বল তাদের পড়াশুনার মান ভালো করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৯ম শ্রেণি বা তদুর্ধ নিবাসীদের পড়াশুনার দিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে। পরীক্ষায় অকৃতকার্যদের ফলোআপে কাজ না হলে নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | (৯) পরিচালকঃ- শিশুদের দৈনন্দিন খাদ্য তালিকায় কার্বোহাইড্রেট এর পাশাপাশি প্রোটিন, ভিটামিন, ফাইবার ও মিনারেলস রাখা এবং সহকারী শিক্ষকদের ডিউটি রোস্টার ভাগ করে দেয়ার বিষয়ে আলোচনা করেন। | (৯) শিশুদের দৈনন্দিন খাদ্য তালিকায় কার্বোহাইড্রেট এর পাশাপাশি প্রোটিন, ভিটামিন, ফাইবার ও মিনারেলস রাখতে হবে এবং প্রতিষ্ঠানে দায়িত্বরত সকল সহকারী শিক্ষকদের ডিউটি রোস্টার ভাগ করে দিতে হবে। বড়ভাইয়া/খালাম্মাদের প্রতিষ্ঠানে রাত্রিকালিন ডিউটি নিশ্চিত করতে হবে। | |
| | | (১০) উপতত্ত্বাবধাক, মহিলা ও শিশু কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র (সেফহোম), বাগেরহাট জানান যে, ৬৬ জন নিবাসী বর্তমানে প্রতিষ্ঠানে ভর্তি আছে। জাস্টিস কেয়ার হতে সম্প্রতি ২জন কাউন্সিলর প্রদান করে হয়েছে। | (১০) হেফাজতীদের শারীরিক ও মানসিক পরিচ্ছন্নতা ও সুস্থতার প্রতি বিশেষ নজর দিতে হবে এবং তারা যেন যথাসময়ে আইনী সহায়তা পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। | |
| | | (১১) জেনারেল ম্যানেজার, এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, আশাশুনি, সাতক্ষীরা জানান যে, প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। প্রতিষ্ঠানের জমির দলিল ও প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় ২০১৬ সাল হতে খাজনা দেয়া সম্ভব হচ্ছে না। | (১১) পূর্বে দায়িত্বে থাকা জেনারেল ম্যানেজারদের সহযোগিতা নিয়ে অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে প্রতিষ্ঠানের জমির দলিল ও প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | |
| ১১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | অধ্যক্ষ (সহকারী পরিচালক), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে এ পর্যন্ত মোট ১১টি প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং এবং প্রশিক্ষণ কোর্সের মূল্যায়ন পদ্ধতি পরিবর্তন করা হয়েছে। | (১) আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনায় চলতি অর্থ বছরে আয়োজিতব্য প্রশিক্ষণ/ সেমিনার/ ওয়ার্কশপের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণ পরবর্তী প্রতিক্রিয়া গ্রহণ নিশ্চিত করতে হবে। | অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা |
| ১২ | বিবিধ | প্রতি মাসে জেলায় মাসিক সমন্বয় সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম অনুসরণ করে | (১) প্রতি মাসে জেলায় মাসিক সমন্বয় সভা আয়োজন করতে হবে এবং প্রয়োজনে উক্ত সভায় বিভাগীয় সমাজসেবা কার্যালয়, | ১. উপপরিচালক (সকল)<br>২. সমাজসেবা অফিসার (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সকল প্রকার দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>পরিচালকঃ জেলা অফিস হতে প্রাপ্ত জিপিএফ এর ফেরতযোগ্য অথবা অফেরতযোগ্য উত্তোলন আবেদনের বিভিন্ন অসংগতি নিয়ে আলোচনা করেন। | খুলনার একজন প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(২) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সকল দাপ্তরিক পত্র প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(৩) সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ অনুসারে ঋণের কারণ ও পরিমাণ উল্লেখপূর্বক জিপিএফ এর ফেরতযোগ্য বা অফেরতযোগ্য উত্তোলন বিধির কোন ধারা মোতাবেক আবেদন করা হয়েছে তা সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক ওই বিধি মোতাবেক পত্র অগ্রায়ন করতে হবে। | ৩. প্রতিষ্ঠান প্রধান(সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

08.12.2025
অনিন্দিতা রায়
পরিচালক(উপসচিব)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা

স্মারক নম্বর-৪১.২৪.৪০০০.০০০.০৬.০১২.১৭. ৮২৮

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে:**

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ** করা হলো:

১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ......... .......... (সকল)

২। সহকারী পরিচালক (সকল), খুলনা বিভাগ।

৩। তত্ত্বাবধায়ক/অধ্যক্ষ/উপতত্ত্বাবধায়ক/উপ প্রকল্প পরিচালক/ব্যবস্থাপক, ......... ... ... . ..

৪। সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা/শহর সমাজসেবা কার্যালয়, ...... .......... (সকল) খুলনা বিভাগ

৫। অফিস কপি।

## বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর ডিসেম্বর/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত সদস্যদের হাজিরা:

স্থান: পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা এর সম্মেলন কক্ষ।

তারিখ: ০৪/১২/২০২৫ খ্রি:

**(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

| ক্র: নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | কার্যালয়/প্রতিষ্ঠানের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম. রফিকুল ইসলাম | জেনারেল ম্যানেজার (উপপরিচালক) এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, আশাশুনি, সাতক্ষীরা | |
| ০২ | সন্তোষ কুমার নাথ | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট | |
| ০৩ | জেড. এম. মিজানুর রহমান খান | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, নড়াইল | |
| ০৪ | জনাব মোঃ আব্দুল লতিফ সেখ | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া | |
| ০৫ | জনাব মো: আবদুল কাদের | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, ঝিনাইদহ | |
| ০৬ | মোঃ হারুন-অর-রশীদ | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, যশোর | |
| ০৭ | জনাব মো: আশাদুল ইসলাম | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর | |
| ০৮ | জনাব সিদ্দিকা সোহেলী রশীদ | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা | |
| ০৯ | জনাব মো: জাকির হোসেন | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, মাগুরা | |
| ১০ | জনাব সায়েদুর রহমান মৃধা | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয় সাতক্ষীরা | |
| ১১ | মো: আবিদ হাসান | অধ্যক্ষ (সহকারী পরিচালক) আঞ্চলিক প্রশিক্ষন কেন্দ্র, খুলনা | |

| ক্র: নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | কার্যালয়/প্রতিষ্ঠানের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১২ | মো: শফিকুল ইসলাম | তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক) পিএইচটি সেন্টার, গোয়ালখালী, খুলনা | |
| ১৩ | মো: মঞ্জুরুল হাছান | তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক) শিশু উন্নয়ন কেন্দ্র, পুলেরহাট, যশোর | |
| ১৪ | মো: মেহেদী আল মাসুদ | সহকারী পরিচালক বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা | |
| ১৫ | শাম্মি আক্তার যুথি | ম্যানেজার সুরক্ষাবঞ্চিত মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, বটতৈল, কুষ্টিয়া | |
| ১৬ | মোল্লা হুমায়ূন কবীর | উপ তত্ত্বাবধায়ক (অ:দা:) মহিলা ও শিশু কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্রে, (সেফহোম), বাগেরহাট | |
| ১৭ | হাসানুজ্জামান | প্রধান শিক্ষক (অ:দা:) সরকারি বাক ও শ্রবণ প্রতিবন্ধী আবাসিক বিদ্যালয়, ঝিনাইদহ | |
| ১৮ | বিপ্লব কুমার সাহা | উপপ্রকল্প পরিচালক সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র, খুলনা | |
| ১৯ | সুভঙ্কর ভট্টাচার্য্য | উপপ্রকল্প পরিচালক সমন্বিত শিশু পুনর্বাসন কেন্দ্র, কুষ্টিয়া | |
| ২০ | কানিজ মোস্তফা | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয় খুলনা | |
| ২১ | | | |